



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সিলেট সরকারি কলেজ, সিলেট।  
www.sylgovcollege.edu.bd  
email: principal\_sgc@yahoo.com  
ফোনঃ ০৮২১-৭৬০৪৩৫, ফ্যাক্সঃ +৮৮ ০৮২১ ৭৬২১৪২



1040

## ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখঃ ২৮.০৭.২০২১ খ্রি.


এতদ্বারা সিলেট সরকারি কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বিগত ২৬.০৭.২০২১ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি মোতাবেক উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০২১ এর জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট গ্রিড অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীকে শুধু মাত্র শাখাভিত্তিক ০৩টি আবশ্যিক বিষয়ের জন্যে ৩০টি অ্যাসাইনমেন্ট প্রস্তুত করে জমা দেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। অ্যাসাইনমেন্ট গ্রিডে নির্দেশিত সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট এর নম্বর ও সংখ্যা অনুযায়ী গুচ্ছ ১, ২ এবং ৩ এ উল্লিখিত বিষয়সমূহের অ্যাসাইনমেন্টসমূহ প্রস্তুতপূর্বক যথাসময়ে কলেজে জমা দিতে হবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর নির্দেশিত অ্যাসাইনমেন্ট গ্রিড, অ্যাসাইনমেন্ট এর কভারপৃষ্ঠার নমুনা, বিষয়বস্তুসহ অ্যাসাইনমেন্ট প্রস্তুতির নিয়মাবলি, কলেজের ফেসবুক গ্রুপ এবং ওয়েবসাইটে আপলোড দেয়া হয়েছে।

### নির্দেশিকাঃ

১. অ্যাসাইনমেন্ট জমা দেয়ার ক্ষেত্রে কোভিড-১৯ জনিত সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
২. অ্যাসাইনমেন্ট প্রস্তুতির জন্যে এনসিটিবি অনুমোদিত পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই গাইড বই বা অন্যের লিখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।
৩. অ্যাসাইনমেন্ট স্বহস্তে A4 সাইজের কাগজে যথাযথ মার্জিন (চারিদিকে ১" করে) রেখে লিখতে হবে। টাইপ বা প্রিন্ট কপি গ্রহণযোগ্য হবে না। কাগজের উভয়পৃষ্ঠায় না লিখে শুধুমাত্র উপরের পৃষ্ঠায় লিখতে হবে।
৪. প্রথম পৃষ্ঠাটি হবে কভার পৃষ্ঠা। এ ক্ষেত্রে অবশ্যই মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নমুনা (ওয়েবসাইটে আপলোডকৃত) অনুসরণ করতে হবে। কভার পৃষ্ঠার ০৪টি অংশ রয়েছে- পরীক্ষার্থীর অংশ, মূল্যায়নকারীর অংশ, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অংশ এবং শিক্ষাবোর্ডের অংশ। কোন প্রকার ঘষামাজা ব্যাতিরেকে স্পষ্টাক্ষরে শিক্ষার্থীকে শুধুমাত্র 'পরীক্ষার্থীর অংশ' এর সকল তথ্য পূরণ করতে হবে।

৫. ১ম পর্যায়ে (১ম ও ২য় সপ্তাহের) অ্যাসাইনমেন্ট জমা দেয়ার স্থান ও সময়

বিভাগ	বিষয়	তারিখ	সময়	স্থান
বিজ্ঞান	পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত	১০.০৮.২০২১ মঙ্গলবার		
মানবিক	ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, ভূগোল, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা	০৮.০৮.২০২১ রবিবার	সকাল ১০টা হতে দুপুর ১.০০টা	কক্ষ নং-১১৬
ব্যবসায় শিক্ষা	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বীমা, হিসাববিজ্ঞান, অর্থনীতি	০৯.০৮.২০২১ সোমবার		

  
২৮/০৭/২০২১

(প্রফেসর মাজহারুল ইসলাম)

আইডি নম্বর-০০৩৫৪২

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।

(প্রফেসর মাজহারুল ইসলাম)

আইডি নম্বর-০০৩৫৪২

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।